



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০৮.২১.৩৩৭

তারিখ: ১৯ বৈশাখ ১৪২৮

০২ মে ২০২১

বিষয়: এনটিআরসিএ তে ত্রুটিপূর্ণ চাহিদা প্রেরণের দায়ে রংপুর জেলার বদরগঞ্জ উপজেলার বদরগঞ্জ মহিলা কলেজের অধ্যক্ষ জনাব বিমলেন্দু সরকার এর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ।

সূত্র: স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯(অংশ-১).৫০ তারিখ : ১১.০২.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এনটিআরসিএ তে ত্রুটিপূর্ণ চাহিদা প্রেরণের দায়ে রংপুর জেলার বদরগঞ্জ উপজেলাধীন বদরগঞ্জ মহিলা কলেজের অধ্যক্ষ জনাব বিমলেন্দু সরকার এর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪. ০২৯. ০০১.২০১৯(অংশ-১).৫০ তারিখ : ১১.০২.২০২১ খ্রি. মোতাবেক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করেন। মন্ত্রণালয়ের পত্রের বিবরণে দেখা যায়, শিক্ষা মন্ত্রণালয় হতে গত ১২.০৬.২০১৮ তারিখে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান(স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ জারি করা হয়। উক্ত নীতিমালার ২৪(ঘ) ধারা অনুযায়ী নতুন বৃদ্ধিপ্রাপ্ত পদে নিয়োগের জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে পৃথক আদেশ জারি করার বিধান ছিল। শিক্ষা মন্ত্রণালয় হতে বৃদ্ধিপ্রাপ্ত পদে নিয়োগের জন্য পৃথক আদেশ জারির আগেই রংপুর জেলার বদরগঞ্জ উপজেলাধীন বদরগঞ্জ মহিলা কলেজ হতে বৃদ্ধিপ্রাপ্ত নতুন পদকে শূন্য দেখিয়ে ২০১৯ সনের ২য় নিয়োগ চক্রের মাধ্যমে শিক্ষক নিয়োগের জন্য এনটিআরসিএ তে ত্রুটিপূর্ণ চাহিদা প্রেরণ করা হয়। এনটিআরসিএ কর্তৃক মেধা তালিকায় উত্তীর্ণ হয়ে সুপারিশ পাওয়া সত্ত্বেও ত্রুটিপূর্ণ চাহিদার কারণে সুপারিশপ্রাপ্ত শিক্ষক এম.পি.ও ভুক্ত হতে পারেননি। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান(স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ এর ১৮ ধারা অনুযায়ী রংপুর জেলার বদরগঞ্জ উপজেলার বদরগঞ্জ মহিলা কলেজের অধ্যক্ষ জনাব বিমলেন্দু সরকার এর ৩(তিন) মাসের বেতন ভাতার সরকারি অংশ কর্তৃন করার জন্য সূত্রোক্ত পত্রে নির্দেশনা প্রদান করেন। এমতাবস্থায়, মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক রংপুর জেলার বদরগঞ্জ উপজেলার বদরগঞ্জ মহিলা কলেজের অধ্যক্ষ জনাব বিমলেন্দু সরকার এর মে, জুন ও জুলাই '২০২১ মাসের বেতন ও ভাতা স্থগিত(Stop Payment) করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২-৫-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক কলেজ ও

উপপরিচালক

সাধারণ প্রশাসন শাখা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০৮.২১.৩৩৭/১(৫)

তারিখ: ১৯ বৈশাখ ১৪২৮

০২ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২) সভাপতি, গভর্নিং বডি, বদরগঞ্জ মহিলা কলেজ, বদরগঞ্জ, রংপুর;
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৫) জনাব বিমলেন্দু সরকার, অধ্যক্ষ, বদরগঞ্জ মহিলা কলেজ, বদরগঞ্জ, রংপুর।



২-৫-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক কলেজ ও